দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JUN 1997

পৃষ্ঠা ১৫ কলাম ... ৭ ......

15

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## পরীক্ষার ফল প্রকাশের দাবীতে প্রশাসনিক ভবন অবরোধের কর্মসূচী

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল প্রকাশের ভিত্তিতে অনার্স ও মাষ্টার্স পরীক্ষার ফলাফল প্রকাশের দাবীতে সাবসিডিয়ারী জটিলতা নিরসন পরিষদ নামে একটি সংগঠন আজ (শনিবার) হইতে অনির্দিষ্টকালের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে তালা ঝুলাইয়া দেওয়ার কর্মসূচী গ্রহণ করিয়াছে। উক্ত কমিটির পক্ষ হইতে গতকাল (শুক্রবার) এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, দাবী মানা না হইলে সোমবার বিশ্ববিদ্যালয়ে হরতাল পালন করা হইবে। (৪৫)